

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
সমন্বয় অধিশাখা  
[www.mole.gov.bd](http://www.mole.gov.bd)

বিষয়ঃ অধিদপ্তর/দপ্তরসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত  
ফিডব্যাক (১ম কোয়ার্টার) সভার কার্যবিবরণী।

সভাপতিঃ	শাকিলা জেরিন আহমেদ যুগ্মসচিব (সমন্বয় ও আদালত) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার স্থানঃ	সভাকক্ষ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার তারিখঃ	২১ অক্টোবর ২০১৯
সময়ঃ	০৩.০০ টায়


সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকাঃ পরিশিষ্ট 'ক'

অধিদপ্তর/দপ্তরসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত ফিডব্যাক (১ম কোয়ার্টার) সভার শুরুতেই উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। সভায় জানানো হয় রাষ্ট্রীয় জীবনে সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার চর্চা একটি অপরিহার্য কৌশল। মূলত নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষই হলো শুদ্ধাচার। শুদ্ধাচার প্রতিষ্ঠায় স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা করা অত্যন্ত জরুরী। সে লক্ষ্যে প্রনীত এ মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তরসমূহের ২০১৯-২০২০ অর্থবছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি (১ম কোয়ার্টার) প্যালোচনায় দেখা যায় দু'একটি ক্ষেত্র ব্যতীত ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এ বিষয়ে সন্তোষ প্রকাশ করা হয় এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভায় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার প্রতিবেদন প্রেরণকালে যথাযথ প্রমানক সংযোজনের নির্দেশনা প্রদান করা হয়। সভায় স্ব স্ব দপ্তরসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণসহ সিটিজেন চার্টার বাস্তবায়নে গুরুত্বারোপ করা হয়। সেই সঙ্গে আঞ্চলিক/মাঠ পযায়ের কাযালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের অনুরোধ করা হয়। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্তঃ**

- অধিদপ্তর/দপ্তরসমূহের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর কোয়ার্টারভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে যথাযথ প্রমানকসহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
- অধিদপ্তর/দপ্তরসমূহের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে মনোযোগী হতে হবে। যেসব ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি তা কোয়ার্টার সমাপ্তির পূর্বেই অর্জনের পদক্ষেপ নিতে হবে।
- অধিদপ্তর/দপ্তরসমূহের সংশ্লিষ্ট সকলকে ওয়েবসাইটের সেবাবক্সসমূহ হালনাগাদকরণসহ সিটিজেন চার্টার/প্রকল্প বাস্তবায়নে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে;
- অধিদপ্তর/দপ্তরসমূহে নির্দেশিকা মোতাবেক সুশাসন ও চাকুরী বিধি সংক্রান্ত বিষয়াদি পৃথকভাবে প্রশিক্ষণ দিতে হবে;
- অধিদপ্তর/দপ্তরসমূহের আওতাধীন আঞ্চলিক/মাঠ পযায়ের কাযালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নে প্রয়োজনীয় দিক নির্দেশনা দিতে হবে এবং মনিটরিং করতে হবে।

পরিশেষে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এবং সিটিজেন চার্টার বাস্তবায়নে মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তরসমূহের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয় এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
২১.১০.২০১৯  
শাকিলা জেরিন আহমেদ  
যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)

ও  
শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।